

বাংলাদেশ গেজেট



আইরিস্ট সংখ্যা
প্রক্রিয়া কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ২১, ১৯৯১

৮ম খণ্ড—বেসরকারী ব্যাডি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়নে আরীকৃত
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ই কাতিক, ১৩৯৮/৩০শে অক্টোবর, ১৯৯১

এস. আর. ও. নং ৩৭১-আইন/৯১—Technical Education Act, (E. P. Act 1 of 1967) এর Section 40তে প্রদত্ত ক্ষমতাবলে Board সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্নবর্ণিত
প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা—

চাকুরী ও নিয়োগবিধি

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা
বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর সরকার সার্বকনিক কর্ম-
চারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা
চুক্ষি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু
প্রযোজ্য বিলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লেখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

(১৬১৩)

জুল্য : ঢাকা ৮.০০

- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালার :—
- (ক) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের ইচ্ছিকর, অথবা কোন কর্মচারী বা তদ্বজনের পক্ষে শোভনীর নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণ-সমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—
- (১) উর্ধতন কর্মকর্তার আইনসংগত আদেশ অন্যান্যকরণ ;
 - (২) কর্তব্যে গুরুতর অবহেলা ;
 - (৩) কোন আইন সংগত কারণ ব্যতিরেকে বোর্ড এর কোন আদেশ, পরিপন্থ এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন ; এবং
 - (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরক্তে বিচার বিবেচনাইন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সহজিত দরখাস্ত পেশ করা।
- (খ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই প্রবিধানমালার উদ্দেশ্যে যে কোন কার্য নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে ;
- (গ) “কর্তৃপক্ষ” বলিতে নিরোগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার উর্ধতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (ঘ) “কর্মকর্তা” বলিতে বোর্ড এর কোন কর্মকর্তাকে বুঝাইবে ;
- (ঙ) “কর্মচারী” বলিতে বোর্ড এর যে কোন কর্মচারীকে, অস্থায়ী বা স্থায়ী যাহাই ইউক বুঝাইবে, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (চ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সাহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;
- (ছ) “নিরোগকারী কর্তৃপক্ষ” বলিতে কর্মকর্তাদের বেলায় বোর্ড এবং কর্মচারীদের বেলায় চেরাম্যানকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিরোগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঘ) “পদ” বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে ;
- (ঝ) “পলারন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্তব্যস্থল ত্যাগ করা, অথবা ঘাট দিন বা তদুর্ধ সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতার অনুমোদিত মেয়াদের পর ঘাট দিন বা তদুর্ধ সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদুর্ধ সময় বিদেশে অবস্থান করা অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ঘাট দিন বা তদুর্ধ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;
- (ঝ) “বিজ্ঞাপন” বলিতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্যান্য গণ-মাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝাইবে ;
- (ঠ) “বোর্ড” বলিতে Technical Education Act, 1967 (E.P. Act No. 1 of 1967) এর section (3) অনুসারে প্রতিষ্ঠিতবোর্ড ;
- (ঠ) “শিক্ষানবিস” বলিতে কোন স্থায়ী শৃঙ্খল পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিরোগ-প্রাপ্ত কোন কর্মচারকে বুঝাইবে ; এবং
- (ঠ) “সম্মানী” বলিতে মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিস্বরূপ অনাবর্ত্তক ধরণের নথিদ পুরস্কারকে বুঝাইবে।

বিভিন্ন অধ্যায়

সরাসরি নিয়োগ

৩। সরাসরি নিয়োগ পান।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের অন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার অন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না; যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তফসিলে বণ্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

(৩) কোন পদেই সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের অন্য নির্বাচিত ব্যক্তিকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যবেক্ষণ কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যারণ করেন;

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেণ্টীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, বোর্ড এর চাকুরীতে নিয়োগ লাভের অন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্নত বিজ্ঞাপনের মাধ্যমে পুরণ করা হইবে এবং বিভিন্ন সময়ে এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকর্ত কোটি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে;

(৫) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতদুদ্দেশ্য বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির অন্তর্ভুক্ত নিয়োগদান করা হইবে।

৪। শিক্ষানবিসি—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের অন্য শিক্ষানবিসি থাকিবেন :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত নেয়াদ অতিরিক্ত অনুর্ধ ছয় মাসের অন্য বৃক্ষি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না, তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ করিয়া থাকেন। এবং বিভিন্ন সময়ে বোর্ড কর্তৃক নির্বাচিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ প্রাপ্ত করিয়া থাকেন।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৫। যোগদানের সময়।—(১) অন্য চাকুরীগুলে বদলীর ক্ষেত্রে কোন নতুন পদে যোগ দানের জন্য কোন কর্মচারীকে নিয়োগপ সময় দেওয়া হইবে, যথা:—

(ক) প্রস্তুতির অন্য ছয় দিন; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ বর্তুক অনুমোদিত পদার বর্ণণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময়: তবে খর্তু থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে বছরের দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে বোর্ড উপ-প্রবিধান (১) এর অধীনে প্রাপ্য যোগদানের সময় হাঁস বা বৃক্ষি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীগুল হইতে অন্যান্য বদলী হইলে, অথবা চাকুরীগুল পরিবর্তন করিতে হয় এবন কোন নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাঁহার পুরাতন চাকুরীগুল, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই স্থানের বিষয়ে যে স্থান কর্মচারীর অন্য অধিকতর স্ববিধাজনক হয় যে স্থান, হইতে তাঁহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৪) যদি কোন কর্মচারী এক চাকুরীগুল হইতে অন্য চাকুরীগুলে, বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অস্তবর্তীকালীন সময় ছুটি প্রাপ্ত করেন, তবে তাঁহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে যে সময় অতিবাহিত হয় তাহা, মেডিকেল সার্টিফিকেট পেশ করিয়া ছুটি প্রাপ্ত না করিলে ছুটির অন্তর্ভুক্ত হইবে।

৬। বেতন ও ভাতা।—গরুকার বিভিন্ন সময়ে যেকোন নির্ধারণ করিবে কর্মচারীদের বেতনও ভাতা দেন্তাপ হইবে।

৭। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের অন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতনই হইবে তাঁহার প্রারম্ভিক বেতন।

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ নেধার স্বীকৃতিপ্রাপ্ত তাঁহাকে, উপযুক্ত বাহাই বমিটির স্বপ্নাবিশ তিস্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) গরুকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী আরী করে তদনুসারে বোর্ড এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

৮। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাঁহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণত: সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন তরে তাঁহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাঁহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের বেতন উচ্চ হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্ত বেতনক্রমে তাঁহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের ক্ষেত্রে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

৯। বেতন বর্ধন।—(১) বেতন বৃক্ষি স্বাক্ষিত রাখা না হইলে, সাধারণত: সময়মত নির্ধারিত বেতন বর্ধন মন্তব্য করা হইবে।

(২) যদি বেতন বৃক্ষি স্থগিত রাখা হয় তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য বোর্ড কোন কর্মচারীকে এক সংগে অনধিক মুইট বিশেষ বেতন বর্ধন মন্তব্য করিতে পারিবেন।

(৫) যে ক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের স্বনির্দিষ্ট মন্তব্যী ব্যতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহিত উপরের বেতন বৃক্ষি অনুমোদন করা যাইবে না। এইরূপ মন্তব্যীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে স্মারণশ ধারিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজ কর্ম ছিল দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত।

১০। জ্যোষ্ঠতা।—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাদের মধ্য তালিকা অনুসারে সংশ্লিষ্ট বাছাই করিতে যে স্মারণশ করেন সেই স্মারণশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসর সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদেন্দুন্তিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যোষ্ঠ হইবেন।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদেন্দুন্তি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদেন্দুন্তি দেওয়া হইয়াছে সেই পদে জ্যোষ্ঠতার ভিত্তিতে তাহাদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করা হইবে।

(৫) বোর্ড ইহার কর্মচারীদের শ্রেডওয়ারী জ্যোষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবেন এবং সময় সময় তাহাদের অবগতির জন্য প্রকাশ করিবেন।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে The Government Servants (Seniority of Freedom Fighters Rules, 1979) এর বিধানসমূহ, উহাতে প্রযোজনীয় সংশোধনসহ, প্রযোজ্য হইবে।

১১। পদেন্দুন্তি।—(১) তহসিলের বিধানবলী সাপেক্ষে কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদেন্দুন্তির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবল জ্যোষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদেন্দুন্তির দাবী করিতে পারিবে না।

(৩) টাকা ৩৭০০—৪৮২৫ ও তদুর্ধ বেতনক্রমের পদসমূহে পদেন্দুন্তি মধ্য তথা জ্যোষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৪) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তৃব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রযোজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যক্তিক্রমি ক্ষেত্র হিসাবে, পালা অতিক্রম করতঃ পদেন্দুন্তি দেওয়া যাইতে পারে।

১২। প্রেষণ ও পূর্বস্থৱ।— (১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, বোর্ড যদি মনে করে যে উহার কোন কর্মকর্তার পারদর্শিতা তৎক্রতৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন কর্পোরেশন, অতপৰ: হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয় তাহা হইলে বোর্ড এবং হাওলাত গৃহীতা কর্পোরেশনের মধ্যে পারস্পরিকভাবে সম্ভাব্য মেরামত ও শর্তাবলীনে হাওলাত গ্রহণকারী কর্পোরেশনের অনুরূপ বা সদৃশ্য পদে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে:

তবে শর্ত থাকে যে কোন কর্মকর্তাকে তাহার সম্মতি ব্যতিরেকে হাওলাত গৃহীতা কর্পোরেশনে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) কোন পাবলিক কর্পোরেশন বোর্ড এর কোন কর্মকর্তার চাকরীর আবশ্যিকতা 'রাহিয়াছে বলিয়া বোধ করিলে (অতঃপর হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত) বোর্ড এর নিকট অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবেন এবং অনুরোধ প্রাপ্তির পর বোর্ড উক্ত কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী কর্পোরেশন কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা বলা হইয়াছে তাহা সঙ্গেও প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়গুলুহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) বোর্ড এবং চাকুরীতে কর্মকর্তার পূর্বস্থৱ থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই উহার অবগান ঘটিলে তিনি বোর্ড এ প্রত্যাবর্তন করিবেন।

(গ) হাওলাত গৃহীতা কর্পোরেশন কর্মকর্তার ভবিষ্যৎ তহবিল ও পেনশন তহবিল, যদি থাকে, তবে উহাতে কর্পোরেশন নিচেরতা বিধান করিবে।

(৪) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে, তিনি বোর্ড এ পদেন্মতির জন্য বিবেচনাযোগ্য-হইলে তাহার পদেন্মতির বিষয় অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদেন্মতি কার্যকর করিবার জন্য তাহাকে বোর্ডে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদেন্মতি কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদেন্মতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তাকে হাওলাত গৃহীতা কর্পোরেশনের স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে কোন আধিক স্বত্বাধিকারী ছাড়া Next below rule অনুযায়ী পদেন্মতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৭) শৃংখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গৃহীতা কর্পোরেশনে প্রেষণে কর্মরত কর্মকর্তার বিকল্পে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে বোর্ড এর ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বোর্ডকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে সূতিচ শ্বেচ্ছামূলক কার্যধারার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত প্রহলকারী কপোরেশন যদি এইরূপ যত পোষণ করেণ যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উজ কপোরেশন উহার রেকর্ডসমূহ বোর্ডের নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর বোর্ড এইরূপ প্রয়োজন বলিয়া মনে করেন সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

চুটি, ইত্যাদি

১৩। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অস্বাভাবিক ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রহোৰ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (অ) নৈমিত্তিক ছুটি।

(২) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যাবিধ ছুটি মঞ্চুর করিতে পারেন এবং ইহা বছের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ড এর পূর্ব অনুমোদন লইয়া উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্চুর করিতে পারেন।

১৪। পূর্ণ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্য দিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) অধিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা ছুটির হিসাবের অন্য খাতে অমা দেখানো হইবে, উহা হইতে ডাঙারী সার্টিফিকেট উপস্থাপন গাপেকে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিৎসানোর অন্য পূর্ণ বেতনে ছুটি মঞ্চুর করা যাইতে পারে।

১৫। অর্ধ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্য দিবসের ১/১১ হারে অর্ধ বেতনে অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জয়া ইওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে, ডাঙুরী সার্টিফিকেট মাখিল সাপেক্ষে, এক দিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে ছুটিতে শর্বোচ্চ বার মাস পর্যন্ত, পূর্ণ বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৬। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাঙুরী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে শর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত, অর্ধ বেতনে ছুটি মন্তব্য করা যাইতে পারে।

(২) যখন কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসেন তখন তিনি পূর্বেই বে ছুটি ভোগ করিয়াছেন সেই ছুটি অভিত্ব না হওয়া পর্যন্ত নতুনভাবে গড় অর্ধ-বেতনের কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৭। অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অস্বাভাবিক ছুটির অন্য আবেদন করেন তখন তাহাকে অসাধারণ ছুটি মন্তব্য করা যাইতে পারে।

(২) অসাধারণ ছুটির নেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্ন বণিত ক্ষেত্রে উক্ত ছুটির নেয়াদ বধিত করা যাইতে পারে,—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের অন্য তিনিবোর্ড এ চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যে ক্ষেত্রে বোর্ড এই মর্দে সন্তুষ্ট হয় যে, কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) ছুটি মন্তব্য করার ক্ষমতা সম্পূর্ণ কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে তুতাপেক্ষ কার্যক্রমান্বয় অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

১৮। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাঁহার ব্যাখ্যাথ কর্তব্য পালন-কালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাঁহার পদে অধিষ্ঠিত খাবিবার কারণে আগতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে বোর্ড তাঁহাকে বিশেষ অক্ষমতা ছুটি মন্তব্য করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি অনুকূল অক্ষমতার কারণে অবিলম্বে বোর্ডকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মন্তব্য করা হইবে না।

(৩) যে মেয়াদের অন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া চিকিৎসা পরিষদ প্রত্যায়ন করিবে সেই মেয়াদের অন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মন্তব্য করা হইবে, এবং চিকিৎসা পরিষদের প্রত্যায়ন ব্যতিরেকে তাহা বধিত করা হইবে না; এবং উক্ত ছুটি কোনজৰেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংযোগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরিবর্তীকালে কোন সময় অক্ষয়তা সৃষ্টি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষয়তাজনিত ছুটি মঞ্চুর করা যাইবে, তবে অনুরূপ ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষয়তার কারণে মঞ্চুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আন্তোষ্ঠিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সেক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষয়তাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষয়তাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা :—

(ক) উপরিউক্ত উপ-প্রবিধান (৫) এর অধীনে মঙ্গুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন ; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসভার প্রয়োজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্পূর্ণাত্মক করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিমতিতে অথবা তাঁহার পদে অধিক্ষিত ধাকিবার কারণে, দৰ্ঘিটনাবশতঃ আবাতপূর্ণ হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাঁহার পদের আভাবিক সৃষ্টি বহির্ভূত অসুস্থ্যতা বা যথম বাড়াইয়া তোলার সংশ্লিষ্ট ধাকে এইরূপ অসুস্থ্যতার দরুন অক্ষয় হইয়াছেন।

১৯। সংগ্রোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রান্ত ব্যাবি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর ধাকে সেই সময়কাল হইবে সংগ্রোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সাটি-ফিল্কেটের ডিভিতে অনুরূপ ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঞ্চুর করিতে পারেন।

(৩) সংগ্রোধের জন্য প্রয়োজনীয় উপ-প্রবিধান (২) এ উল্লেখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা সাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অন্যান্য প্রাপ্ত সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যবিধি ছুটির সহিত সংগ্রোধ ছুটি মঞ্চুর করা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত থালিয়া গণ্য করা হইবে না, এবং যথম কোন কর্মচারী নিজেই সংক্রান্ত ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২০। প্রসূতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্চুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওলা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটির মঞ্চুরীর অনুরোধ কোন নির্দিষ্ট চিকিৎসক কর্তৃক সম্ভিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা সম্পূর্ণাত্মক করিয়া মঞ্চুর করা যাইতে পারে।

(৩) বোর্ড এ চাকুরী জীবনে কোন কর্মচারীকে দুইবারের অধিক প্রস্তুতি ছুটি মন্তব্য করা যাইবে না।

২১। অবসর প্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি।—(১) কোন "কর্মচারী" হয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ বেতনে অবসর প্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর প্রহণের তারিখ অভিজ্ঞ করার পরেও সম্পূর্ণান্ত করা যাইতে পারে, কিন্তু আটান্ট বৎসর বয়সের বয়স-সীমা অভিজ্ঞের পর উহা সম্পূর্ণান্ত করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর প্রহণের তারিখের কমপক্ষে এক মাস পূর্বে অবসর প্রহণের প্রস্তুতিমূলক ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর প্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর প্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর প্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

২২। অধ্যায়ন ছুটি।—(১) বোর্ড এ তাহার চাকুরীর জন্য শহারেক এইরূপ বৈজ্ঞানিক, কারিগরি বা অনুরূপ সমস্যাদি অধ্যায়ন অধিক বিশেষ প্রশিক্ষণ কোর্সে অথবা প্রহণের জন্য কোন কর্মচারীকে বোর্ড অর্থ বেতনে অনধিক বার মাস অধ্যায়নের জন্য ছুটি মন্তব্য করিতে পারেন, যাহা তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নিমিট সময়ের জন্য কোন অধ্যায়ন ছুটি মন্তব্য করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, সঙ্গীকৃত ছুটির মেয়াদ তাহার শিক্ষা কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের অব্যর্থতা পূরণকল্পে বোর্ড তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যায়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পুর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যায়ন ছুটি মন্তব্য করা যাইতে পারে, তবে এইরূপ সঙ্গীকৃত ছুটি কোনভাবেই একত্রে নেট দুই বৎসরের অধিক হইবে না।

২৩। নৈমিত্তিক ছুটি।—গরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্চিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবেন কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৪। ছুটির পদ্ধতি।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে হইতে হইবে।

(৩) অবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার স্বপারিশক্তিম উপরুক্ত কর্তৃপক্ষ ছুটি মন্তব্য করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই সর্বে সম্মত হন বে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আনুষ্ঠানিক সুযোগী আদেশ সাপেক্ষে, তাহাকে অনুর্ব ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৫। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাৰালৈ উজ্জুটি আৱাঞ্চেৰ পূৰ্বে তিনি সৰ্বশেষ বেতনে পাইয়াছেন সেই বেতনেৰ সমান হাবে ছুটিকালীন বেতন পাইবাৰ অধিকাৰী হইবেন।

(২) কোন কর্মচারী অৰ্ধ বেতনে ছুটিতে থাকাৰালৈ উজ্জুটি আৱাঞ্চেৰ পূৰ্বে তিনি সৰ্বশেষ বেতনে পাইয়াছেন সেই বেতনেৰ অৰ্ধ হাবে ছুটিকালীন বেতন পাইবাৰ অধিকাৰী হইবেন।

২৬। ছুটি হইতে প্ৰত্যাবৰ্তন কৰানো।—ছুটি ভোগৱত কোন কর্মচারীকে ছুটিৰ মেয়াদ শেষ হইবাৰ পৰ্বে দায়িত্ব পালনেৰ জন্য তলৰ বক্সা যাইতে পাৰে এবং তাহাকে অনুকূপভাৱে তলৰ কৰা হইলে, তিনি যে কৰ্মহলে ফিরিয়া আসিবাৰ জন্য নিৰ্দেশিত হইয়াছেন, উহাৰ উদ্দেশ্যে বওয়ানা হওয়াৰ তাৰিখ হইতে তাহাকে কৰ্মৱত বলিয়া গণ্য কৰা হইবে এবং এই এতদুদ্দেশ্যে ব্যৱহাৰ জন্য তিনি এমণ ভাতা পাইবাৰ অধিকাৰী হইবেন।

২৭। ছুটিৰ নগদায়ন।—বে কৰ্মচারী অবসুৰ ভাতা বা ভবিষ্য তহবিলেৰ স্বীকৃতা গ্ৰহণেৰ জন্য সিকাত গ্ৰহণ কৰেন নাই, তিনি তৌহার সম্পূর্ণ চাবুৰীকালৈৰ জন্য সৰ্বাধিক বাৰ মাস পৰ্যন্ত প্ৰতি বৎসৱে প্ৰত্যাখাত ছুটিৰ ৫০ ভাগ নগদ টাকায় কৰ্পোৱাত্তি কৰাৰ জন্য অনুমতি পাইতে পাৰেন।

(২) সৰ্বশেষ বুল বেতনেৰ ডিক্ষিতে উপ-প্ৰিবিধান (১) এ উল্লেখিত ছুটি নগদ টাকায় কৰ্পোৱাত্তি কৰা যাইবে।

পঞ্চম অধ্যায়

২৮। ব্যৱহাৰ ইত্যাদি।—কোন কৰ্মচারী বাংলাদেশেৰ অভ্যন্তৰে তাহাৰ দায়িত্ব পালনকাৰ্য ব্যৱহাৰ কৰিবলৈ উপলক্ষক ব্যৱহাৰ কৰ্তৃক উহাৰ কৰ্মচাৰীদেৱ জন্য সময়ে সময়ে নিৰ্বাচিত হাৰ ও শৰ্তিবলী অনুযায়ী, ব্যৱহাৰ ভাতা ও দৈনিক ভাতা পাইবাৰ অধিকাৰী হইবেন।

২৯। সম্মানী, ইত্যাদি।—(১)ৰোড় উহাৰ কোন কৰ্মচারীকে, সাময়িক প্ৰকৃতিৰ কোন কৰ্মসম্পাদনেৰ জন্য অৰ্থাৎ বিশেষ বেধাৰ প্ৰযোজন হয় এমন সব প্ৰাৰ্থনামূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কৰ্ম সম্পাদনেৰ জন্য সম্মানী অৰ্থ বা নগদ অৰ্থ বা পুৰস্কাৰ প্ৰদানেৰ বৌজ্ঞিকতা গতিলৈ উজ্জ সম্মানী বা পুৰস্কাৰ প্ৰদান কৰিবলৈ পাৰিবেন।

(২) উপ-প্ৰিবিধান (১) এৰ অধীনে কোন সম্মানী বা নগদ অৰ্থ পুৰস্কাৰ মন্ত্ৰৰ কৰা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কৰ্তৃক তাহা স্বীকৃতি না কৰা হয়।

৩০। দায়িত্ব ভাতা।—কোন কৰ্মচারী উপযুক্ত কৰ্তৃপক্ষেৰ আক্ষেত্ৰে কথপক্ষে ২১ দিনেৰ জন্য তাহাৰ নিজ দায়িত্বেৰ অতিৰিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতাৰ বেণ পদেৰ দায়িত্ব পালন কৰিলৈ তাহাকে বুল বেতনেৰ শতকৰা ২০ ভাগ হাবে দায়িত্ব ভাতা প্ৰদান কৰা হইবে।

৩১। ৰোমাস।—সৱবাৰ বৰ্তুক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে আৱৰ্কৃত সৱবাৰী আদেশ মোতাবেক ৰোড় এৰ কৰ্মচারীগণকে উৎসৱ ভাতা ও ৰোমাস প্ৰদান কৰা যাইতে পাৰে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

৩২। চাকুরীর বৃত্তান্ত।—(১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং বোর্ড কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী কর্তৃপক্ষে কর্মকর্তার উপরিভিত্তিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইক্ষণে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি পরিদর্শনকালে উহাতে কোন ভুল বা বিলুপ্তি দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়াট লিখিত-ভাবে কর্তৃপক্ষে কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন।

৩৩। বাধিক প্রতিবেদন।—(১) বোর্ড কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বাধিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উজ্জ প্রতিবেদন বাধিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে, এবং বোর্ড কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রয়োজন হইলে তাহাও বোর্ড চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিকল ঘটব্য থাকিলে, উহার কৈফিয়ত প্রদানের কিংবা তাহার নিজের সংশোধনের স্বয়েগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৪। আচরণ ও শৃঙ্খলা। (১) প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিগোর একত্রিতার তত্ত্ববিদ্যাল ও নিরবন্ধনে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের হাতা সময়ে সময়ে প্রস্তুত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং

(গ) সততা ও অধ্যাবসারের সহিত বোর্ড এর চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যাত্মে চাঁদা দান বা অন্য কোন উপায়ে সহায়তা করিবেন না এবং বোর্ড এর স্বাক্ষে পরিপন্থী কোন কার্য-কলাপে নিজেকে অভিত করিবেন না।

(খ) তাহার অব্যবহিত উর্ধতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল তাগ করিবেন না।

- (খ) বোর্ড এর সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান প্রহর করিবেন না;
- (গ) কোন বীমা কোম্পানীর এঙ্গেল হিসাবে কাউ করিবেন না;
- (ঘ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায়ের পরিচালনা করিবেন না;
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী প্রহর করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত অন্য কোন খণ্ডকালীন কার্যের মাধ্যমে প্রহর করিবেন না।

(৩) কোন কর্মচারী বোর্ড এর নিকট বা উহার কোন সদস্যর নিকট ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধতন কর্ম কর্তৃর মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমধনে বোর্ড বা উহার কোন কর্মকর্তার উপর রাওয়েন্টিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইন্সপেক্শন করার অন্য সরাগবি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী/সরকারী ব্যক্তিল শরণাপন্ন রহিয়ে আছেন না।

(৬) কোন কর্মচারী বোর্ড এর বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণ মাধ্যমের, সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঝণগুস্তা পরিহার করিবেন;

৩৫। দণ্ডের ভিত্তি।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী,—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা
- (ঘ) অবক্ষ হন; অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা
- (ঙ) নিম্নুরূপিত কারণে দুর্নীতিপরায়ন হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতি পরায়ন বলিয়া বিবেচিত হন; যথা:—

- (১) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অবস্থার বা সম্পত্তি দখলে রাখেন বোর্ডকে যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন;
- (২) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবন বাপন করেন; অথবা

- (চ) চুরি, আঘসাৎ, তহবিল তঙ্গুপ বা প্রতারণার পারে দোষী হন; অথবা
- (ছ) কর্তৃপক্ষের বিকল্পে নাশকতামূলক কার্যে লিপ্ত হন; বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য বাজিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উভয় অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিকল্পে নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং তাহাকে চাকুরীতে রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উভয় কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আয়োপ করিতে পারেন।

৩৬। দণ্ডসমূহ।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আয়োপযোগ্য হইবে, যথা:—

- (অ) লুট দণ্ড
- (ক) তিরকার;
- (খ) নির্দিষ্ট মেয়াদের অন্য পদোনুতি বা বেতন-বর্ধন স্থগিত রাখা;
- (গ) ৭ দিনের মূল বেতনের সম পরিমাণ টাকা কর্তন;
- (আ) গুরুদণ্ড—
- (ঘ) নিম্ন গদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;
- (ড) কর্মচারী কর্তৃক সংঘটিত বোর্ড এর আধিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;
- (চ) চাকুরী হইতে অপসারণ; এবং
- (ছ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতে বোর্ড এর চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিগ্রস্ত হইবে।

৩৭। খৱাপুর কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পক্ষতি।—(১) প্রবিধান ৩৫(ছ) অনুসারে কোন কর্মচারীর বিকল্পে কার্যকারী সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উভয় আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন, সে ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ডিসিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের অন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার অন্য তাহাকে যুক্তিসংগত স্থযোগ প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে বোর্ড এই মর্মে সম্পৃষ্ট হন যে বাংলাদেশের নিরাপত্তার স্বাধৈ তাহাকে অনুরূপ স্থযোগ প্রদান সমীচীন নহেন, সেক্ষেত্রে তাহাকে অনুরূপ স্থযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে, উপ-প্রবিধান ১(গ) অনুসারে তদন্ত কমিটি হয় সে ক্ষেত্রে নিরোগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদ মর্যাদার নির্বোধ নহেন এবন তিন অস কর্মচারীর সময়ে, তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেকোণ উপযুক্ত বলিয়া মনে করিবেন সেইরূপ নির্দেশ প্রদান করিবেন।

৩৮। লবু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যাধারা শুচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিযোগ পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা বঠোরতের কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার অন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকর্তৃক পেশকৃত কৈফিযৎ, যদি বিচু থাকে, বিবেচনা করিবেন, এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ বলিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর স্বয়ংক্রিয় দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিযৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লবু দণ্ড প্রদান করিতে পারেন যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে জিশাটি কার্যদিবসের মধ্যে যথগ্র কর্তৃত্বান্বিত সমাপ্ত হয়:

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে কৈফিযৎ পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃক্ষের অনুমতি প্রদান করিতে পারেন।

তবে আরও শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় বৃক্ষের জন্য অনুরোধ করিবেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর, প্রয়োজন মনে করিলে, অতিরিক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় বৃক্ষ সম্পূর্ণ করিতে পারেন।

(২) তদন্তকারী কর্মকর্তার সিঙ্কান্ত পাইবার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিঙ্কান্ত গ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে, অধিকরণের তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং আদেশের তারিখ হইতে পনেরটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিতে হইবে।

(৩) অধিকরণের তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির বিশটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিঙ্কান্ত গ্রহণ করিবেন।

(৪) এই প্রবিধানের অধীনে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে তাহাকে অবহিত করার তারিখ হইতে নববইটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিঙ্কান্ত গ্রহণে ব্যর্থ হইলে, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার হইয়াছে এবং তদন্তগারে উক্ত কার্যক্রম নিপত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং এইরূপ বার্ষিক জন্য দায়ী ব্যক্তি বা

ব্যক্তিগত ইহার অন্য কৈফিয়ৎ দিতে বাধ্য হইবেন এবং উক্ত কৈফিয়ৎ সম্মত না হইলে, তাহার বা তাহাদের বিরুদ্ধে অদ্বিতীয় দায়ে এই প্রবিধানমালার অধীনে কার্যধারা শূচনা করা যাইতে পারে।

